

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

নং-৪৫.০৩.০০০০.০০১.১৮.০০১.১৯-


তাং-----/১৪২৬  
/২০২০

প্রতি : জনাব মোসাম্মৎ শাহিনুর বেগম  
নার্সিং ইনস্ট্রাক্টর  
ঢাকা নার্সিং কলেজ, ঢাকা।

বিষয় : কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব মোসাম্মৎ শাহিনুর বেগম (পিতা- মোঃ হাবিবুর রহমান মুধা), সহকারী পরিচালক (সমন্বয়), হিসাবে এ অধিদপ্তরে কর্মরত ছিলেন। এ অধিদপ্তরের ০২/১০/২০১৯ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০.০০১.১৯.৯৪৩.১৯-১৮৪/১(৯) সংখ্যক স্মারকে ঢাকা নার্সিং কলেজ, ঢাকায় নার্সিং ইনস্ট্রাক্টর হিসাবে বদলী করা হয়। এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি অন্য প্রতিষ্ঠানে কর্মরত থাকার পরও বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত নার্সিং কর্মকর্তাদের এ অধিদপ্তরের অফিসিয়াল বিষয়ে আপনার সাথে যোগাযোগ করার জন্য বলে থাকেন। আপনি এ অধিদপ্তরে সমন্বয় শাখার দায়িত্ব, কম্পিউটার পাসওয়ার্ড ও বিভিন্ন কাগজপত্রাদি বুঝিয়ে না দেওয়ার কারণে প্রশাসনিক কাজে জটিলতা সৃষ্টি হচ্ছে। যা নিয়ম বর্হিভূত এবং সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধির পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনি জনাব মোসাম্মৎ শাহিনুর বেগম (পিতা- মোঃ হাবিবুর রহমান মুধা), নার্সিং ইনস্ট্রাক্টর, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা এ মর্মে কৈফিয়ত তলব করা যাচ্ছে যে, আপনাকে এহেনভাবে অন্য প্রতিষ্ঠানে কর্মরত থাকার পরও এ অধিদপ্তরের অফিসিয়াল কাজ করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের নার্সিং কর্মকর্তাদের আপনার সাথে যোগাযোগ করা এবং এ অধিদপ্তরের সমন্বয় শাখার দায়িত্ব ও বিভিন্ন কাগজপত্রাদি বুঝিয়ে না দেওয়ার কারণে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এর কারণ এ পত্র জারীর ০৩(তিন) কর্মদিবসের মধ্যে আপনার স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর জবাব দাখিল করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

  
(আলম আরা বেগম)  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-[info@dgnm.gov.bd](mailto:info@dgnm.gov.bd)

ফোন নং-৯১৩৬৬৭৪।

তাং ১৪/১০/১৪২৬  
২৬/১০/২০২০


নং-৪৫.০৩.০০০০.০০১.১৮.০০১.১৯-০৯/১(৬)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। অধ্যক্ষ, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা।

২। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

  
মহাপরিচালকের পক্ষে  
সহকারী পরিচালক(প্রশাসন)  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা